

**ফৌজদারী কার্য বিধি ১৮৯৮ এর ১৪৪ ধারা মতে প্রদত্ত আদেশ**

যেহেতু আগামী ০২/০২/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে “সহকারী শিক্ষক নিয়োগ-২০২৩” এর লিখিত পরীক্ষা ঝিনাইদহ সদর উপজেলার ১) বিষয়খালী শহীদ মোস্তফা স্কুল এন্ড কলেজ ২) রাইচরণ তারিনী চরণ ডিগ্রী কলেজ, হাটগোপালপুর ৩) হাটগোপালপুর মাধ্যমিক বিদ্যালয় ৪) ঝিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট ৫) মওলানাবাদ মাধ্যমিক বিদ্যালয় ও ৬) শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ঝিনাইদহ সদর কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে;

এবং যেহেতু আমার প্রতীতি জন্মেছে যে- উল্লিখিত পরীক্ষা চলাকালে জটলাবদ্ধ জনতা, শব্দ বর্ধক যন্ত্র ব্যবহার করে অথবা ফটোকপিয়ার মেশিন ব্যবহার করে অথবা বিভিন্ন ভাবে গোলযোগ সৃষ্টি করে পরীক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত করে অথবা বিশৃঙ্খলা সৃষ্টির মাধ্যমে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটতে পারে ;


এবং যেহেতু উল্লিখিত অবস্থার আশু প্রতিরোধ এবং দ্রুত প্রতিকার করা বাঞ্ছনীয় বিবেচনা করে ১৮৯৮ সালের ফৌজদারী কার্য বিধির ১৪৪ ধারা বলবৎ করা অত্যাব্যশ্যক ;

সেহেতু আমি রাজিয়া আজার চৌধুরী, নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ উল্লিখিত আইনে আমার উপর অর্পিত ক্ষমতাবলে ০২/০২/২০২৪ খ্রিঃ সকাল ০৮:০০ টা হতে বেলা ১১:১০ টা পর্যন্ত উল্লিখিত পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে ফৌজদারী কার্য বিধি আইনের ১৪৪ ধারা জারী করলাম। উল্লিখিত সময়ে-

০১. পরীক্ষা কেন্দ্রে বৈধ প্রবেশাধিকার ব্যতীত সর্বসাধারণের প্রবেশ নিষিদ্ধ করা হলো ;
০২. পরীক্ষা কেন্দ্রের আশে-পাশে বই-পুস্তক এবং খাতা-কলম সহকারে অবস্থান ও ঘোরাফেরা নিষিদ্ধ করা হলো ;
০৩. পরীক্ষা কেন্দ্রের সন্নিহিত এলাকার এক কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে সকল প্রকার শব্দ বর্ধক যন্ত্র ব্যবহার নিষিদ্ধ করা হলো ;
০৪. পরীক্ষা কেন্দ্রের সন্নিহিত সকল বাজার ও লোকালয়ে বাণিজ্যিক ফটোকপিয়ার মেশিনের ব্যক্তিগত ও বাণিজ্যিক ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হলো ;
০৫. পরীক্ষা কেন্দ্রের সন্নিহিত এলাকায় ০৫ (পাঁচ) বা ততোধিক লোকের একত্রে জটলা, সমাবেশ, মিছিল, মিটিং, পিকেটিং, লাঠিসহ যে কোন ধরনের অস্ত্র বা বিস্ফোরক দ্রব্য বহন সম্পূর্ণ নিষিদ্ধ করা হলো ;

উল্লেখ্য, পরীক্ষা গ্রহণ কাজে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের ক্ষেত্রে উল্লিখিত আদেশ প্রযোজ্য হবে না।

আমার স্বাক্ষর ও কার্যালয়ের সীল মোহরে ৩০ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ তারিখ উল্লিখিত আদেশ জারী করা হলো।


  
রাজিয়া আজার চৌধুরী  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

স্মারক নং : ০৫.৪৪.৪৪১৯.০০০.০৪.০১০.২১- ৬৩ (১৫)

তারিখ : ১৬ মাঘ ১৪৩০ বঃ  
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ২। পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ।
- ৪। অফিসার ইনচার্জ, ঝিনাইদহ থানা, ঝিনাইদহ।
- ৫। কেন্দ্র সচিব, বিষয়খালী শহীদ মোস্তফা স্কুল এন্ড কলেজ / ঝিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট / রাইচরণ তারিনী চরণ ডিগ্রী কলেজ, হাটগোপালপুর/ মওলানাবাদ মাধ্যমিক বিদ্যালয়/ শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৬। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ। তাঁকে আদেশটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। তাঁকে আদেশটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ